

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
জাতীয় ক্রীড়া পরিষদ পুরাতন ভবন (৪র্থ তলা)
৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
www.bkkf.org.bd



নং-৩৪.০৫.০০০০.০০০.৩২.০৮২.১৯-২৬৭(৬৪)

তারিখঃ ২৭ নভেম্বর ২০২২ খ্রি।


বিষয়ঃ অসচ্ছল, আহত ও অসমর্থ ক্রীড়াসেবী এবং তাদের পরিবারের সদস্যদের মাসিক ভাতা/এককালীন অনুদান প্রদানের অনলাইন আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়স্বতন্ত্র বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন কর্তৃক ২০২২-২০২৩ অর্থবছরে অসচ্ছল, আহত ও অসমর্থ ক্রীড়াসেবী এবং তাদের পরিবারের সদস্যদের মাসিক ভাতা/এককালীন অনুদান প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

ফাউন্ডেশনের ওয়েবসাইটে (www.bkkf.org.bd) লগইন করে অভ্যন্তরীণ ই-সেবা এর অধীনে 'অনুদান অনলাইন আবেদন' লিংকে ক্লিক করে মোবাইল নম্বর দিয়ে নিবন্ধনপূর্বক আগামী ০১.০১.২০২৩ খ্রি. তারিখের মধ্যে অনলাইনে মাসিক ভাতা/এককালীন অনুদানের আবেদন করা যাবে। এ সংক্রান্ত লিফলেট এতদসঙ্গে প্রেরণ করা হলো। উক্ত বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট ক্রীড়াসেবীদের মাঝে বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

এ বিষয়ে আপনার সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

সংযুক্তি- বর্ণনামতে।


(কৃষ্ণেন্দু সাহা)
সচিব

ফোনঃ +৮৮ ০২ ২২৩৩৫৩৫৭০-৭১

ই-মেইলঃ sec.bkkf@gmail.com

প্রাপকঃ

- ১। জেলা প্রশাসক ও সভাপতি, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন কর্তৃক অনুদান প্রদান সংক্রান্ত জেলা বাছাই কমিটি (সকল)।
- ২। জেলা ক্রীড়া অফিসার ও সদস্য সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন কর্তৃক অনুদান প্রদান সংক্রান্ত জেলা বাছাই কমিটি (সকল)।
- ৩। সাধারণ সম্পাদক, জেলা ক্রীড়া সংস্থা (সকল)।

অনুলিপিঃ

- ১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য) যুব ও ক্রীড়া মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য) যুব ও ক্রীড়া মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অফিস নথি।

বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অসচ্ছল, আহত ও অসমর্থ ক্রীড়াসেবী এবং তাদের পরিবারের সদস্যদের
মাসিক ভাতা/এককালীন অনুদান প্রদান

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭৫ সালের ০৬ আগস্ট তারিখে ক্রীড়া, খেলাধুলা ও শরীরচর্চায় অবদান রেখেছেন বা রাখছেন এমন সকল ক্রীড়াসেবীদের কল্যাণার্থে বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন প্রতিষ্ঠার প্রস্তাব সদয় অনুমোদন করেন। বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন আইন ২০১২ এর মাধ্যমে প্রতিষ্ঠিত বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন কর্তৃক ২০১২ সাল হতে অসচ্ছল, আহত ও অসমর্থ ক্রীড়াসেবী এবং তাদের পরিবারের সদস্যদের অনুদান প্রদান করা হচ্ছে।

২০২২-২০২৩ অর্থ-বছরের মাসিক ভাতা/এককালীন অনুদানের আবেদন আগামী ০১ জানুয়ারি ২০২৩ খ্রি. তারিখের মধ্যে অনলাইনে দাখিল করার জন্য অনুরোধ করা যাচ্ছে। ফাউন্ডেশনের ওয়েবসাইট www.bkkf.org.bd এ লগইন করে অভ্যন্তরীণ ই-সেবা এর অধীনে 'অনুদান অনলাইন আবেদন' লিংকে ক্লিক করে মোবাইল নম্বর দিয়ে নিবন্ধন সম্পন্নপূর্বক অনলাইনে আবেদন দাখিল করা যাবে।

সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

ই-মেইলঃ sec.bkkf@gmail.com, ওয়েবসাইটঃ www.bkkf.org.bd

টেলিফোন নম্বরঃ +৮৮ ০২ ২২৩৩৫৩৫৭০-৭১

জাতীয় ক্রীড়া পরিষদ, পুরাতন ভবন (৪র্থ তলা), ৬২৩, পুরানা পক্টন, ঢাকা-১০০০১।